

لَا إِلَهَ إِلَّا اللَّهُ مُحَمَّدٌ رَّسُولُ اللَّهِ

## “কালেমার হাকীকত” রচনার উদ্দেশ্য

ইসলামের মূল ভিত্তি হলো ৫টি - (১) কালেমা (২) নামায (৩) রেযা (৪) হজ্ব (৫) যাকাত। এই পাঁচটির মধ্যে কালেমা হলো মূল। এর মূল কথা হলো তাওহীদ ও রিসালাতে বিশ্বাস। কালেমা তাইয়েবায় “ইলাহ” ও “রাসুল” দুইটি পরিভাষা রয়েছে। এই দুইটি শব্দের ব্যাখ্যা বিভিন্ন জনে বিভিন্ন রকমে করেছেন। কালেমা তাইয়েবায় আল্লাহর পরিচয় দেয়া হয়েছে “ইলাহ” বলে এবং মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পরিচয় দেয়া হয়েছে “আল্লাহর রাসুল” বলে। তাই “ইলাহ” ও “রাসুল” শব্দের বিস্তারিত ব্যাখ্যা জানা প্রত্যেকের দরকার। অত্র পুস্তকে তারই প্রচেষ্টা করা হয়েছে। জামাআতে ইসলামীর প্রতিষ্ঠাতা আবুল আলা মউদুদী সাহেব লিখেছেন “কালেমার হাকীকত” এবং দ্বিতীয় আমির আবদুর রহীম সাহেব লিখেছেন তারই অনুবাদ স্বরূপ “কালেমা তাইয়েবা” নামক পুস্তক। তারা “ইলাহ ও রাসুলের” যে পরিচয় দিয়েছেন - তা ঈমানের জন্য যথেষ্ট নয় - বরং কোন কোন উক্তি কুফরীর আভাস পাওয়া যায়। তাদের ব্যাখ্যা খুবই বিতর্কিত - যা ইসলামের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। তাই তারই জবাব হিসাবে লিখা হলো অত্র “কালেমার হাকীকত” নামক পুস্তকখানি। সাধারণ মানুষ মাত্রই ভুলক্রটির উর্ধ্বে নয়। অধম লেখকেরও ভুলক্রটি হতে পারে। দলীল ভিত্তিক গ্রহণযোগ্য সংশোধনী আসলে তা অবশ্যই পরবর্তী সংস্করণে সন্নিবেশিত করার ইচ্ছা রইল।

-অধম লেখক